

আদেশের লিপি

১৭ নং ভবানীগঞ্জ ইউনিয়ন পরিষদ গ্রাম আদালত ।

মকদ্দমা নং - ১৫/১৩, উপজেলাঃ সদর, জেলাঃ লক্ষ্মীপুর ।

দরখাস্ত কারী : আছিয়া খাতুন গং

অপর পক্ষঃ মিন্টু মিয়া গং ও জন , আবুল কালাম গং ২ জন

প্রতিনিধির স্বাক্ষর

১।

২।

৩।

অদ্য ১৪/০৭/২০১২ ইং তারিখ বাদীনি এবং বাদীনির প্রতিনিধি গন হাজির আছেন । বিবাদী এবং বিবাদীগনের প্রতিনিধিগন হাজির নাই । বিবাদীগনকে বারবার নোটিশ করা পরও অদ্য তারিখে ডাকাডাকি করিয়া পাওয়া যায় নাই বিধায় একতরফা ভাবে শুনানী গ্রহন করা হইল । বিগত ২০/১০/২০১১ ইং তারিখে আদেশ মতে আমিন দ্বারা তর্কিত ভূমি পরিমাপ করা হয় । বিগত ০৮/০৩/২০১২ইং তারিখে জরিফ কারকের প্রতিবেদন দাখিল আছে । ১,২,৩ নং বিবাদীগন উক্ত মামলা তাহাদের মালিকানা উল্লেখে একটি জবাব দাখিল করে উক্ত জবাবে দেখা যায় বিবাদগন নালিশি ডি এস ৭১ নং খতিয়ানে বাদীনিগনের একক দাগে ১.৪০ ডিং এবং ঐ মৌজার ডি এস ৭৩ নং খতিয়ানের স্বাক্ষ ৩৮ দাগের ৬ ডিং দাবী করিয়াছে । তাতে পর্যালোচনা করে দেখা যায় বাদীনিগন ডি এস ৭৩ খতিয়ানে ৭৩৮ দাগের ৬ ডিং মালিক নহে এবং দাবী ও করেনা । বাকী ডি এস ৭১ নং খতিয়ানে ১.৪০ ডিং জমিন বাদীনিগনের মৌরশ গোলাম রহমান ও ছপর জান বানু বিক্রি করায় বাদীনিগনের কোন দাবী নাই বাকী ডি এস ৭১ নং খতিয়ানে উক্ত ৭০৭দাগে ২৫ ডিং জমিন বাদীনি গন দাবী করে । বাদীনি পক্ষের প্রতিনিধিগন বাদীনিগনের দাবীকৃত ৮১ নং আবদুল্যাপুর মৌজার ডি এস ৭১ নং খতিয়ানের একক ৭০৭ দাগের ২৫ শতক জমির মালিকানায় ঐক্য মত পোষন করেন । প্রকৃতপক্ষে উল্লেখিত খতিয়ান ও দাগে সরজমিনে ২৪ শতক পাওয়া গিয়াছে । উক্ত ২৪ শতক জমির মধ্যে বর্তমানে সরেজমিন আবুল কালাম পিতাঃ মুনছুর আহাম্মদ সাং- পশ্চিম সৈয়দপুর এর দখলে ১৬ শতাংশ এবং রফিক উল্যা হাওলাদার পিতাঃ মৃত নুর উদ্দিন হাওলাদার সাং- ধর্মপুর এর দখলে ৮ শতাংশ বিদ্যমান রয়েছে । যেহেতু বর্তমানে দখল কার আবুল কালাম এবং রফিক উল্যা হাওলাদার তর্কিত ভূমির কোন যৌক্তিক কাগজপত্র দাখিল করেন নাই এবং অত্র আদালতে হাজির হন নাই । সেহেতু বাদীর দাখিলীয় ডি এস ৭১ নং খতিয়ানের ৭০৭ দাগের ১৬ ও ৮ (১৬+৮) = একুনে ২৪ শতাংশ জমি বাদীনিগনের অনুকূলে রায় দেওয়া গেল ।

মোহাম্মদ সাইফুল হাসান রনি
চেয়ারম্যান
১৭নং ভবানীগঞ্জ ইউনিয়ন পরিষদ
সদর, লক্ষ্মীপুর